

কম্পিউটারের কিবোর্ডে যুক্ত হলো এআই বাটন

- A Monitor Desk Report

Date: 06 January, 2024



উইন্ডোজ কম্পিউটারের কিবোর্ডে কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) বাটন দিল মাইক্রোসফট। এর নাম দেওয়া হচ্ছে 'কপিলট কি'। স্পেস বারের ঠিক ডান দিকেই এই বাটনটিকে দেখতে পাবেন ব্যবহারকারীরা।

১৯৯৪ সালে মাইক্রোসফট তার কিবোর্ডে Windows/Start কি নিয়ে এসেছিল। তারপর থেকে উইন্ডোজ কিবোর্ডে এআই সবচেয়ে বড় পরিবর্তন। মাইক্রোসফটের হার্ডওয়্যার পার্টনাররা ভবিষ্যতে সিইএস প্রযুক্তি সম্মেলনে কপিলট বাটনসহ উইন্ডোজ কম্পিউটারগুলো প্রদর্শন করবে। সময়ের সঙ্গে সঙ্গে এটি যেমন আরো প্রয়োজনীয় হয়ে উঠবে, তেমনই আবার এর দ্বারা আরও জরুরি ও গুরুত্বপূর্ণ কাজও করা যাবে।

এই শটকাট ব্যবহারকারীদের ছবি তৈরি করতে, ই-মেইল লিখতে এবং যেকোনও টেক্সটের সারমর্মও বের করতে দেবে আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্সের সাহায্যে। মাইক্রোসফটের কনজুমার সিফ মার্কেটিং অফিসার ইউসুফ মেহেদি তার ব্লগে এ বিষয়ে লিখছেন, সিস্টেম থেকে খুব সহজেই সিলিকন, হার্ডওয়্যার থেকে উইন্ডোজে নির্বিঘ্নে নানাবিধ কাজ করা যাবে।

ডিভাইস নির্মাতাদের জন্য মাইক্রোসফটের এআই পরিষেবাগুলো এখনো পর্যন্ত সেভাবে বিক্রির জন্য উৎসাহিত করতে পারেনি। কারণ, কপিলটের এই বৈশিষ্ট্যগুলো নতুন এবং একমাত্র সেই সব ডিভাইসগুলোতে রোল আউট করা হচ্ছে যেগুলোতে ইতিমধ্যেই কপিলট দেওয়া হয়েছে। হার্ডওয়্যার এবং সিলিকনে এআই বৈশিষ্ট্য উপভোগ করতে ব্যবহারকারীদের সিস্টেম আপগ্রেড করে নিতে হবে। এর মধ্যে দিয়েই মাইক্রোসফট তাদের এআই পরিকল্পনাকে সর্বত্র ছড়িয়ে দিতে চাইছে।